

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-১০

১৭ ডিসেম্বর ২০০৯
তারিখঃ -----
০৩ পৌষ ১৪১৬

প্রধান নির্বাহী,
বিদেশী ব্যাংকসহ বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক-কোম্পানী।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক এর খেলাপীজনিত কারণে অপসারণ বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

কোন ব্যাংক হতে গৃহীত আর্থিক প্রতিষ্ঠানের পরিচালকদের ঋণ খেলাপী হলে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ২৫ ধারার বিধানাবলী প্রযোজ্য হবে। এতদসংক্রান্ত আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ কর্তৃক জারীকৃত ১১ সেপ্টেম্বর ২০০৩ তারিখের এফআইডি সার্কুলার নং-০৫ অনুসরণার্থে প্রেরণ করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযোজনীঃ বর্ণনা অনুযায়ী।

আপনাদের বিশ্বস্ত,



(আবু হেনা মোহাঃ রাজী হাসান)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১১৭৮২৫